# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৪৩

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর এই কাজ যে নির্দেশকে রহিত করে দিয়েছে, যা আমরা ইতিপূর্বে আলোচনা করেছি

ذِكْرُ الْأَمْرِ بِالشَّيْءِ الَّذِي نَسَخَهُ فِعْلُهُ الَّذِي ذكرناه قبل

---

আরবী

1143 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ عُلَيَّةَ عَنْ مَعْمَرٍ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ عَنْ إِبْرَاهِيمَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ قَارِظٍ أَنَّ أَبَا هُرَيْرَةَ أَكَلَ أثوارَ أَقِطٍ فَتَوَضَّأَ ثُمَّ قَالَ: أَتَدْرُونَ لِمَ تَوَضَّأْتُ؟ إِنِّي أَكَلْتُ أَثْوَارَ أَقِطٍ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (تَوَضَّأْ مِمَّا مَسَّتِ النَّارُ)
وَكَانَ عُمَرُ بْنُ عَبْدِ العزيز يتوضأ من السُّكَّرِ.
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1143 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

১১৪৩. ইবরাহিম বিন আব্দুল্লাহ বিন কারিয থেকে বর্ণিত, তিনি বলেন, “আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু একবার কয়েক টুকরো পনির খেয়ে ওযূ করেছেন, অতঃপর তিনি বলেন, “তোমরা কি জানো আমি কেন ওযূ করেছি? আমি কয়েক টুকরো পনির খেয়েছি, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “তুমি আগুনে পাকানো জিনিস খেয়ে ওযূ করবে।”[1]

উমার বিন আব্দুল আযীয রহিমাহুল্লাহ চিনি খেয়ে ওযূ করতেন।

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৫০; মুসনাদ আহমাদ: ২/৪২৭; নাসাঈ: ১/১০৫; মুসান্নাফ আব্দুর রাযযাক:

৬৬৭; আত তায়ালিসী: ১/৫৮; সহীহ মুসলিম: ৩৫২; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৬৩; সুনান বাইহাকী: ১/১৫৫; তিরমিযী: ৭৯; ইবনু মাজাহ: ৪৮৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৮৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90456

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন